200Rs.

₹200

TWO HUNDRED RUPEES

Rs. 7,000.00 সাত হাজার টাকা মূল্যের

সাফ বিক্রয় কোবালা দলিল :-

**************************

কোবালা গ্রহিতা :- শ্রী তাপস ধর, পিতা মৃত শচীন্দ্র ভূষণ ধর, জাতি হিন্দু, পেশা -
************* চাকুরী, সাং - ১নং এভিনিউ সেকেন্ড লেন, থানা কসবা, কলিকাতা-৭৫।

কোবালা দাতা :- শ্রী অর্জ্জুন পোড়েল, পিতা মৃত ফণী পোড়েল, জাতি হিন্দু, পেশা চাষ,
************* সাং - আটঘরা, থানা সোনারপুর, জেলা ২৪ পরগনা।

**********************************************

কস্য জমি জমা মায় সর্ব্ব প্রকার ইজমেন্ট স্বত্বাদি সমেত সম্পূর্ণ নির্দায় ও নির্দোষ অবস্থায় সাফ বিক্রয় কোবালা দলিল পত্র মিদং কার্য্যঞ্চাগে :-

জেলা ২৪ পরগনা, পরগনে খাসপুর, থানা সাবেক সদর টালিগঞ্জ, হাল কসবা, সাব রেজিষ্ট্রি অফিস আলিপুর অন্তর্গত বর্ত্তমানে কলিকাতা মিউনিসিপ্যাল করপোরেশনের অধীন

Presented for Registration at 12.50 A.M./P.M. on the 20th day of March 1985 at the Sudar Registration Office Alipore, 24 Parganas by Arjun Mandal Executant / Claimant or one of the Executants / Claimants or Attorney for Executant / Claimant under a Power of attorney No. of 19 authenticated by

Arjun Mandal
Son / of Lt. Farid Mandal
of Atghara
Thana Sonarpur
District 24 Parganas
by Caste / Hindu / Muslim
by profession Culler

Kalosona Poral
Son / of Arjun Poral
of Atghara
Thana Sonarpur
District 24 Parganas
by Caste / Hindu / Muslim
by profession Culler

Alipore, 24 Parganas
20.3.85

Alipore, 24 Parganas
20.3.85

200Rs.






অধীন অত্র জেলা কালেকটারীর ৫৬ নং তৌজি ভুক্ত রেঃসাঃ নং ৩, জেঃ এল, নং ২৫, মৌজা নয়াবাদ গ্রামে হাল রিভিসন্যাল জরীপের ৮৯ নং খতিয়ান বর্ণিত ভূম্যাদি আমি দলিল দাতা সাবেক মালেক জমিদারের নিকট হইতে বার্ষিক ২৯ টাকা ৩ আনা ২ পাই বার্ষিক খাজনায় রায়ত স্থিতিবান সূত্রে বন্দোবস্ত লইয়া বন্দোবস্তীয় ভূমির বার্ষিক খাজনা উক্ত সাবেক - মালিক জমিদার সেরেস্তায় সন সন আমার নাম বরাবর আদায় দিয়া চাষাবাদ ক্রমে - ফসলাদি ষোল আনা গ্রহণে নির্ব্বিঘ্নে ভোগ দখল ক্রমে ভোগবান মালিক দখলীকার থাকা অবস্থায় হাল রিভিসন্যাল জরীপ উপস্থিত হইলে পর, আমার খাস দখলীয় উক্ত চাষের জমি আমার নামে রায়ত দখলী সূত্রে ষোল আনা হাল ৮৯ নং খতিয়ানে রেকর্ড ভুক্ত হইয়া চূড়ান্ত ভাবে প্রকাশিত হইয়াছে। অতঃপর, আমি আমার উক্ত ভূমির বার্ষিক খাজনা বর্তমান মালিক জমিদার পশ্চিম বঙ্গ রাজ্য সরকার পক্ষে ২৪ পরগনা কালেকটার বাহাদুর সরকার অধীন সেরেস্তায় সন সন আমার নাম বরাবর আদায় দিয়া সহি মোহর যুক্ত দাখিলা গ্রহণে এযাবৎ কাল অন্যের বিনা স্বত্ব সংস্রবে নিজ স্বত্ব পরিচালনে নির্ব্বিঘ্নে চাষাবাদ ক্রমে ভোগবান মালিক দখলীকার থাকি ও আছি।

2651 (5)

Taposh Dhar

20.3.85

75 Rs.






এক্ষণে আমি দলিল দাতা আমার নানাবিধ সঙ্গত কারণে নগদ টাকার আবশ্যক - হওয়ায় আমার খাস দখলীয় উক্ত নয়াবাদ মৌজার হাল ৮৯ নং খতিয়ান ভুক্ত ১৫৩ নং দাগের জমি হইতে স্থানীয় মাপে কমবেশী ৫ কাঠা ০ ছটাক ০ বর্গ ফুট জমি যাহা নিম্নের তপশীলে বর্ণিত হইল ও অত্র সহ সমুলিত প্ল্যানে লাল রং এর রেখা দ্বারা বেষ্ঠিত করিয়া দেখান হইল, উক্ত ভূমি বিক্রয়ের ঘোষণা করিলে পর, আপনি অত্র দলিল গ্রহিতা তাহা অবগত হইয়া নিম্নের তপশীল বর্ণিত ভূমি বেলমোক্তা মং ৭,০০০.০০ সাত হাজার টাকা মূল্য প্রদানে খরিদ করিতে ইচ্ছুক হইলে পর, আমি দলিল দাতা আপনার প্রস্তাবিত উক্ত মূল্য বর্তমান বাজার উচিৎ মূল্য জানিয়া, আপনার প্রস্তাবিত উক্ত মূল্যে আপনার নিকট বিক্রয় করিতে রাজী থাকিয়া, অদ্য তারিখে আমি দলিল দাতা আপনার-নিকট হইতে নিম্নের তপশীল বর্ণিত ভূমির মূল্যের সাকুল্য ৭,০০০.০০ সাত হাজার টাকা নিম্নের জায় মত গ্রহণ করিয়া, অত্র বিক্রয় কোবালা দলিল আপনার নাম বরাবর লিখিয়া দিয়া এতদ্বার স্বীকার, অঙ্গিকার, প্রকাশ ও প্রচার করিতেছি যে :-

উক্ত ও নিম্ন তপশীল বর্ণিত, অত্র বিক্রিত সম্পত্তিতে এযাবৎ কাল আমার যাহা কিছু স্বত্ব, স্বামিত্ব, দখল, লভ্য অধিকারাদি ছিল ও আছে, তৎসমুদয়-অদ্য হইতে আমা

INDIA 1 Re

এক রুপয়া এক রুপয়া

सत्यमेव जयते

ONE RUPEE भारत ONE RUPEE



আমা হইতে রদ ও রহিত হইয়া সম্পূর্ণ রূপে আপনার প্রতি বর্তিল। আপনি অদ্য হইতে অত্র বিক্রিত সম্পত্তিতে আমার যাবতীয় স্বত্বে স্বত্ববান ও মালিক দখলীকার হইয়া বর্তমান মালিক সরকারে ও হাল কলিকাতা মিউনিসিপ্যাল করপোরেশনে আমার নামের স্থলে আপনার নিজ নাম পত্তন করত ধার্য্য কর ও ট্যাক্সাদি যথারীতি আদায় দিয়া যদৃচ্ছা সহকারে দান বিক্রয়, বন্ধকাদি সর্ব্ব প্রকার হস্তান্তর ও রূপান্তর করণের অবাধ ক্ষমতা যুক্তে পুত্র - পৌত্রাদি ওয়ারিশান ও স্থলাভিষিক্তগণ ক্রমে চিরকাল পরম সুখে ভোগ দখল করিতে থাকুন তাহাতে আমি বায় আমার ওয়ারিশানগণ ক্রমে কেহ কস্মিন কালেও কোন প্রকার ওজর আপত্তি ও দাবী দাওয়াদি করিতে পারিব না ও পারিবেক না। করিলেও তাহা অত্র কোবালা বলে সর্ব্বত্র সর্ব্বাদালতে বাতিল, নামঞ্জুর ও অগ্রাহ্য বলিয়া গণ্য হইবে।

প্রকাশ থাকে যে, অত্র বিক্রিত সম্পত্তি বা তাহার কোন অংশ আমি ইতিপূর্ব্বে আর অন্য কাহারও নিকট দান, বিক্রয়, বন্ধকাদির দ্বারা কোন প্রকারে হস্তান্তর বা দায়াবদ্ধ করি নাই। উহা কোন প্রকার মামলা মোকর্দ্দমার বিষয় ভুক্ত সম্পত্তি নহে। উহা সরকার বা কোন বেসরকারী প্রতিষ্ঠান কর্তৃক এ্যাকুইজিশান বা রিকুইজিশান হয় নাই। উক্ত সম্পত্তি আমি কোন প্রকার দেব সেবায় বা ট্রাস্ট ফান্ডে অর্পণ করি নাই কিংবা উহার উপর কোন প্রকার লিয়েন বা চার্জ্জ নাই। বিক্রিত সম্পত্তিতে আমার অপর কোন শরিক বা অংশীদার

অংশীদার নাই কিংবা উহাতে অপর কাহারও কোনরূপ সত্ত্ব, স্বার্থ, দাবী বা সংশ্রব নাই। সম্পূর্ণ নির্দায় নির্দোষ অবস্থায় উক্ত ও নিম্ন তপশীল বর্ণিত সম্পত্তি আমার ষোল আনা খাস দখলে থাকাকালীন উহা আপনাকে সাফ বিক্রয় করিলাম এবং বিক্রিত সম্পত্তিতে অদ্যাই আপনাকে খোলসা খাস দখল দিয়া উহা হইতে আমি মায় ওয়ারিশানগণ ক্রমে চিরতরে নিঃস্বত্ব ও দখলীচ্যুত হইলাম।

আরও প্রকাশ থাকে যে, আমার উপরিউক্ত উক্তি সমূহের মধ্যে যদি কোন একটি উক্তি মিথ্যা বা তথংকী বলিয়া প্রকাশ পায়, তাহা হইলে আমি মাফিক আইন আমলে আসিব এবং তৎসেওয়ায় আপনার কোন প্রকার ক্ষতি খেসারত হইলে, যাবতীয় ক্ষতি খেসারতাদি সহ পণের সমুদয় টাকা আপনাকে এককালীন ফেরত দিতে আমি মায় ওয়ারিশানগণ ক্রমে বাধ্য রহিলাম ও রহিবেক।

যদি ভবিষ্যতে অত্র দলিলে কোন প্রকার ভুল ভ্রান্তি থাকা প্রকাশ পায়, তাহা হইলে - আপনার তলবে ও আপনার খরচায় আবশ্যকীয় সংশোধনী দলিলাদি বিনা পণে বিনা ওজরে পুনরায় আপনার অনুকূলে সম্পাদন ও রেজিষ্ট্রি করিয়া দিতে আমি বাধ্য ও স্বীকৃত রহিলাম।

এতদর্থে সুস্থ শরীরে সরল মনে স্বেচ্ছায় সুজ্ঞানে অন্যের বিনানুরোধে অত্র দলিলের মর্ম ও ফলাফল সম্যক অবগত হইয়া এবং পণের লিখিত সমুদয় টাকা নিম্নের জায় মত নগদ এককালীন আপনার নিকট হইতে বুঝিয়া পাইয়া ও তাহার প্রাপ্তি স্বীকারে অত্র সাফ বিক্রয় কোবালা দলিল আপনার নাম বরাবর যথারীতি সহি সম্পাদন ও রেজিষ্ট্রি করিয়া দিলাম। ইতি তাং ইং সন ১৯৮৫ সালের ২০শে মার্চ, বাংলা সন ১৩৯১ সালের ৬ই চৈত্র।

তপশীল বিক্রিত সম্পত্তির পরিচয় :-

******************************

তপশীল বিক্রিত সম্পত্তির পরিচয় :-

****************************

জেলা ২৪ পরগনা, পরগণে খাসপুর, থানা হাল কসবা, সাব রেজিষ্ট্রি অফিস আলিপুর অন্তর্গত বর্তমানে কলিকাতা মিউনিসিপ্যাল করপোরেশনের অধীন অত্র জেলা কালেক্টারীর ৫৬ নং তৌজির অধীন রে: সা: নং ৩, জে, এল, নং ২৫, মৌজা নয়াবাদ গ্রামে হাল রিভিসন্যাল জরীপের ৮১ নং খতিয়ান বর্ণিত মোট ভূম্যাদির কাত বার্ষিক ২৩ টাকা ৩ আনা ২ পাই টাকা করের জমি জমা মধ্যে কমবেশী - ৫ কাঠা ০ ছটাক ০ বর্গ ফুট জমি জমা মধ্যে - যাহা অত্র সাথ সম্মিলিত প্ল্যানে লাল রং এর রেখা দ্বারা বেষ্ঠিত করিয়া দেখান হইল, উক্ত ভূমি অত্র দলিলের বিক্রিত সম্পত্তি হইতেছে এবং অত্র সাথ সম্মিলিত প্ল্যানে যে কমন প্যাসেজ বা রাস্তা দেখান হইল, উক্ত রাস্তা বা কমন প্যাসেজের উপর দিয়া সর্ব্ব প্রকার যাতায়াতের স্বত্ব ও তলদেশ দিয়া ইলেকট্রিক লাইন, টেলিফোন লাইন লইবার সর্ব্ব প্রকার স্বত্ব - আপনার সায় আপনার ওয়ারিশান ও স্থলাভিষিক্তগণের রহিল ও রহিবে। বিক্রিত ভূমির - হারাহারি বার্ষিক খাজনা ৪০ পয়সা মালেক জমিদার পশ্চিম বঙ্গ রাজ্য সরকার পক্ষে ২৪ পরগনা কালেকটার বাহাদুর সরকারে সন সন আদায় দেয়। -

বিক্রিত ভূমির --

| দাগ নং | শ্রেণী | বিক্রিত জমির পরিমাণ |
| --- | --- | --- |
| ১৫৩ এক শত তিপান্ন | শালি | রাস্তার জমি সহ ৫ কাঠা জমি |

মং রাস্তারজমি সহ কমবেশ ৫ পাঁচ কাঠা জমি - তাহাই বিক্রিত। বিক্রিত ভূমিতে চাষ হয়।

উহার চৌহদ্দি :-

********************

(৭)

উহার চৌহদ্দি :-

*********************

উত্তর :- ১৫৩ নং দাগের ৩নং প্লট।

দক্ষিণ :- ১৬২নং দাগের জমি।

পূর্ব্ব :-১৫৩ নং দাগের ৪নং প্লট।

পশ্চিম :- ১৫৩ নং দাগের ৮নং প্লট।

বিক্রিত জমি স্কীমের ৭নং প্লট হইতেছে।

টাকার জায় :-

****************

১০০.০০ টাকার নোট ৭০ কেতায় ...............৭,০০০.০০ টাকা,

মং সাত হাজার টাকা মাত্র।

ইসাদী :-

মুসাবিদাকারক :-

টাইপ কারক :-

A. Jana

আলিপুর পুলিশকোর্ট,

কলিকাতা-২৭।

Book I
Volume No. 66
Pages 215 to 227
Being No 3866
for the Year 19 85

20.3.85


24.1.86

SITE PLAN FOR PLOT MKD. R7.
IN MOUZA [illegible] ABAD J.L. NO. 25 SHEET NO. 2 ON PORTION OF
R.S. DAG NO. 153 R.S. KHATIAN NO. 85 UNDER P.S. KASBA
DIST. 24 PRGS. WITHIN C.M.C. (J-UNIT) SCALE - 33'0" = 1"

AREA STATEMENT:-

| NET AREA | ROAD AREA | GROSS AREA |
|---|---|---|
| [illegible] 10 CH 27 SFT | 1 KT 05 CH 18 SFT | 5 KT 00 CH 00 SFT |

PURCHASED AREA SHOWN BORDER RED.




DRAWN BY
B.Sc. L.C.E.

SIG. OF TRANSFEROR